**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**22 OCTOBER 2024** **7:35 AM IST**

==========================================================================

রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলির তৎপরতা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে । এদিকে ক্ষমতাসীন বিজেপি তিনটি আসনে প্রার্থীর নাম ঘোষনা করার বিপরীতে কংগ্রেস দল চারটি আসনের জন্য দলীয় প্রার্থীর নাম ঘোষনা করেছে । উপনির্বাচনের জন্য ৩২ নম্বর বঙাইগাও বিধানসভা আসনে অগপর হয়ে দিপ্তীময়ী চৌধুরীর নাম চূড়ান্ত করা হয়েছে । অসম গন পরিষদ দলের সভাপতি অতুল বরা দলীয় প্রার্থী হিসেবে শ্রীমতী চৌধুরীকে মনোনীত করেন । উপ-নির্বাচনে পাচটি আসনে ক্ষমতাসীন বিজেপি মিত্রজোট জয়লাভ করবে বলে গতকাল মন্ত্রী কেশব মহন্ত সাংবাদিকদের জানান । মন্ত্রী বঙাইগাও এ অসম গণ পরিষদের প্রার্থী বিপুল ভোটে জয়লাভ করবে বলে দাবী করেন । এদিকে ক্ষমতাসীন বিজেপি মিত্রজোট সামাগুড়ি আসনে জয়লাভ করবে বলে দাবী করে শ্রী মহন্ত বিরোধী পক্ষের মূল্যবোধহীন নির্বাচনী প্রচারের তীব্র সমালোচনা করেন । অন্যদিকে উপ-নির্বাচনের জন্য ইউ পি পিএল সিদলী আসনের জন্য নির্মল কুমার ব্রহ্মকে বিজেপি মিত্রজোটের প্রার্থী হিসেবে ঘোষনা করেছে ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ ২০২৫ সালে হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য অনলাইন পোর্টেলের মাধ্যমে প্রপত্র পূরণ করার দিন ঘোষণা করেছে । পর্ষদ জানিয়েছে sebaregistretion.org পোর্টেলের মাধ্যমে আগামীকাল থেকে আগামী

১৪ ই নভেম্বর পর্যন্ত প্রপত্র পূরণ করা যাবে । এদিকে অনলাইন মাশুল জমা দেবার শেষ দিন ১৫ ই নভেম্বর ধার্য করা হয়েছে । অনুরূপভাবে ১৮ই নভেম্বর পর্যন্ত চালানের অর্থ জমা দেওয়া যাবে । অনলাইন সংশোধনীর জন্য ৩০ শে নভেম্বর শেষ দিন ধার্য করা হয়েছে । বিস্তারিত বিবরণ ওয়েব সাইটে পাওয়া যাবে ।

---

বদরপুর পুলিশ সরকারী চাকুরী দেওয়ার নাম করে বিভিন্ন লোকের কাছ থেকে অর্থ সংগ্রহ করার অভিযোগে দুজন ব্যাক্তিকে গ্রেপ্তার করেছে । তাদের বিরুদ্ধে বদরপুর থানায় মামলা দায়ের করা হয়েছে । আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন যে আব্দুল সামাদ ও আখতার হুসেন নামে দুই ব্যক্তি নিজেদেরকে শিক্ষা বিভাগের কর্মী পরিচয় দিয়ে বিভিন্ন লোকের কাছ থেকে সরকারি চাকুরী দেওয়ার নাম করে অর্থ আদায় করে আসছিল ।বদরপুর পুলিশ তাদেরকে গ্রেপ্তার করতে সক্ষম হয় ।

---

হাইলাকান্দির জেলা নির্বাচনী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আজ গ্রাম-পঞ্চায়েতের খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে । সংশোধিত খসড়া ভোটার তালিকা নির্বাচন কমিশনের ওয়েব সাইট HTTPS//ERMSSEC.ASSAM.GOV.IN এ দেখা যাবে । এছাড়া জেলা প্রশাসনের ওয়েব সাইটেও এই তালিকা দেখা যাবে ।

---

সমগ্র রাজ্যের সঙ্গে কাছাড় জেলায়ও আগামী ২৪শে অক্টোবর জাতিসংঘ দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে জেলার যেসব স্থানে জাতীয় পতাকা উত্তোলন করা হয় , সেসব স্থানে

জাতিসংঘের পতাকা উত্তোলন করা হবে । ফ্ল্যাগ কোড অফ ইন্ডিয়া-২০০২ তে উল্লেখিত শর্তাবলী অনুযায়ী পতাকা উত্তোলন করে জাতিসংঘ দিবস পালন করতে বলা হয়েছে ।

---

কাছাড়ের জেলা সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শারীরিকভাবে অক্ষম প্রাক্তন সৈনিক যাদের চলাফেরা করার জন্য হুইল চেয়ার , এডজাষ্টেবল বেড , ওয়াকিং স্টিক এবং হিয়ারিং এইড-এর প্রয়োজন তাদেরকে শিলচরে জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে আগামী ২৬শে অক্টোবরের মধ্যে আবেদন করতে হবে । বিশদ বিবরন জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---

পূর্ত বিভাগের ধলাই ও সোনাই টেরিটোরিয়াল সড়ক ডিভিশনের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে বিগত বন্যায় বিশেষভাবে ক্ষয়ক্ষতি হওয়ার ফলে গোবিন্দপুর থেকে সোনাবাড়ীঘাট পর্য্যন্ত সড়কের প্রায় তিনশ মিটার অংশ সংস্কার করা হবে । এজন্য পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে বলে জানানো হয়েছে ।

---

করিমগঞ্জ জেলার খাদ্য ,গনবন্টন ও গ্রাহক বিষয়ক বিভাগ থেকে জানানো হয়েছে যে জেলায় নভেম্বর মাসে জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন

যোজনার বিনামূল্যের চাল বরাদ্দ করা হয়েছে । এই চাল অন্ত্যোদয় অন্ন যোজনার হিতাধিকারীদের রেশন কার্ড পিছু ৩৫ কিলোগ্রাম এবং প্রায়োরিটি হাউস হোল্ড রেশন কার্ডধারীদের মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে বিনামূল্যে চাল বিতরন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

করিমগঞ্জ শহরে গতকাল  একটি অগ্নিকান্ডের ফলে ৬টি দোকান সম্পুর্নরূপে ভস্মীভূত হয়ে যায় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে একটি রেষ্টুরেন্ট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে ধারনা করা হচ্ছে । অগ্নিকান্ডের ফলে একটি জুয়েলারী ,সেলুন, ফুলের দোকান সম্পুর্নরূপে ক্ষতিগ্রস্থ হয়েছে বলে জানা গেছে ।

---

ভারতীয় কৃষক শ্রমিক মহাসমিতির কাছাড় জেলা সমিতির পক্ষ থেকে গতকাল শিলচরে জেলা আয়ুক্তের কাছে স্মারক পত্র দিয়ে তাপাং খন্ড উন্নয়ন এলাকায় প্রধানমন্ত্রী আবাস যোজনায় দূর্নীতি প্রতিরোধে ব্যবস্থা গ্রহনের দাবী জানানো হয়েছে । সমিতির পক্ষ থেকে প্রধানমন্ত্রী আবাস যোজনার দূর্নীতির তদন্ত করে বিহিত ব্যবস্থা গ্রহনের দাবী করা হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে বিংগু প্রজা , রঞ্জন তন্তুবায় , ধনঞ্জয় উরাং প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

সিপিআইএম শালচাপরা আঞ্চলিক কমিটির তৃতীয় সম্মেলন গতকাল শ্রীকোনার বীরেশ স্মৃতি ভববে অনুষ্ঠিত হয়েছে। প্রথমে শহীদ বেদীতে মাল্যদান করেন দলের জেলা সম্পাদক মণ্ডলীর সদস্য সুপ্রিয় ভট্টাচার্য, পরে আয়োজিত আলোচনা সভার দলের আগামী দিনের রণো কৌশল ও আন্দোলনের করম পন্থা নিয়ে সুভাষ দেব, সফিকুর রহমান, দেবজিত গুপ্ত, শীলা মণ্ডল প্রমুখরা বক্তব্য রাখেন।

---